উপজেলা পরিষদ পাংশা এ স্থায়ী কমিটি

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

পাংশা, রাজবাড়ী।

www..Pangsha rajbari.gov.bd

পাংশা উপজেলার জানুয়ারী /২০২৩ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোহাম্মদ জাফর সাদিক চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী।স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
পাংশা, রাজবাড়ী।
তারিখ ঃ ২৬.০১.২০২৩ খ্রিস্টাব্দ। সময় ঃ বেলা ১০.৩০ ঘটিকা

উপস্থিতি ঃ রেজিষ্টারে সংরক্ষিত।

সভায় উপজেলা আইন-শৃংখলা কমিটির প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ জিল্লুল হাকিম, মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ এবং উপদেষ্টা জনাব মোঃ ফরিদ হাসান ওয়াদুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা উপস্থিত ছিলেন। অন্যান্য উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপজেলা পরিষদের নতুন ভবনে সকলকে স্বাগত জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয় এবং জুন/২০২২ এবং জানুয়ারী/২০২৩ মাসের পাংশা উপজেলার তুলনামূলক আপরাধ চিত্র তুলে ধরা হয় ।

উপজেলার তুলনামূলক আপরাধ চিত্রঃ

জুন/২০২২এবং জানু২০২৩ মাসের তুলনামূলক অপরাধ চিত্রঃ

| মাসের নাম | খুন | রাহাজানি ও ডাকাতি | চুরি / সিদেল চুরি | দাঙ্গা দস্যুতা | মাদক দ্রব্য | অপহরন | নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ) | অস্ত্র আইন | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুতবিচার) | চোরাচালান | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জুন /২০২২ | - | - | - | - | - | - | ০২ | - | - | - | - | ০২ |
| জানু/২০২৩ | - | - | - | - | - | - | ০২ | - | ০১ | - | - | ০৩ |
| হ্রাস/ বৃদ্ধি | - | - | - | - | - | - | - | - | বৃদ্ধি | - | - | বৃদ্ধি |

সভায় উপস্থাপিত তুলনামূলক আপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় , পাংশা উপজেলায় জুন/২০২২ মাসে বিভিন্ন অপরাধে মোট মামলার সংখ্যা ০২টি এবং জানু /২০২৩ মাসে বিভিন্ন অপরাধে মোট মামলার সংখ্যা ০৩টি। অতঃপর আইন-শৃংখলা বিষয়ে বক্তব্য প্রদানের জন্য সকলের প্রতি আহবান জানান। আইন-শৃংখলা বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান মাছপাড়া ইউনিয়ন পরিষদ পাংশা , রাজবাড়ী। | চেয়ারম্যান, মাজপাড়া ইউনিয়ন পরিষদ, পাংশা সভাকে জানান যে, মাছপাড়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। মাঝে মধ্যে হিজরারা মানুষকে বিরক্ত করত। কিছুদিন আগে পুলিশি পদক্ষেপে তা নিরসন হয়েছে। এ জন্য তিনি অফিসার- ইন- চার্জ, পাংশা থানা, পাংশা কে ধন্যবাদ জানান। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক অবস্থা রজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করা হয়। | অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা |
| ০২ | চেয়ারম্যান সরিষা ইউনিয়ন পরিষদ পাংশা, রাজবাড়ী। | চেয়ারম্যান, সরিষা ইউনিয়ন পরিষদ, পাংশা সভাকে জানান যে, সরিষা ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালই ছিল কিন্তু আজ রাতে কে বা কাহারা সভাপতি, সরিষা ইউনিয়ন আওয়ামীলীগ এর বাড়ীর সামনে ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে। এ ছাড়া অন্যান্য অবস্থা স্বাভাবিক । | সভাপতি, সাওরাইল ইউনিয়ন আওয়ামীলীগ এর বাড়ীর সামনে যারা ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করা হয়। | অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা |
| ০৩ | চেয়ারম্যান যশাই ইউনিয়ন পরিষদ পাংশা, রাজবাড়ী। | চেয়ারম্যান, যশাই ইউনিয়ন পরিষদ, পাংশা সভাকে জানান যে, মৌরা ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। কিন্তু মদাপুর ও মৃগী ইউনিয়নের সীমান্ত এলাকায় এখনও গাজা ও ইয়াবার ব্যবসা গা ঢাকা দিয়ে ব্যবসা করছে । এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অফিসার-ইন- চার্জ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করেন। | মাছপাড়া ও মৌরাট ইউনিয়নের সীমান্ত এলাকায় গাজা ও ইয়াবা ব্যবসা বন্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করা হয়। | অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা |
| ০৪ | চেয়ারম্যান বাহাদুরপুর ইউনিয়ন পরিষদ পাংশা, রাজবাড়ী। | চেয়ারম্যান,বাহাদুরপুর ইউনিয়ন পরিষদ, পাংশা সভাকে জানান যে, বাবুপাড়া ইউনিয়নের কিছু যুবক পাট্টা ইউনিয়নে গিয়ে প্রায়ই বিভিন্ন রকমের অসুবিধা ও অশান্তি সৃষ্টি করে। বিষয়টি দেখার জন্য তিনি অফিসার- ইন- চাজ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করেন। | বাবুপাড়া ইউনিয়নের কিছু যুবক বাবুপাড়া ইউনিয়নে গিয়ে অশান্তি ও অসুবিধা সৃষ্টি করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা | অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | গ্রহণের জন্য অনুরোধ করা হয় । | |
| ০৫ | চেয়ারম্যান কসবমাঝাইল ইউনিয়ন পরিষদ পাংশা, রাজবাড়ী। | চেয়ারম্যান, কসবমাঝাইল ইউনিয়ন পরিষদ, পাংশা সভাকে জানান যে, কলিমহর বর্তমানে ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। তবে গত ২৩/০১/১২ খ্রিঃ তারিখে ঢাকা থেকে পাংশা আসার পথে কালুখালী উপজেলার এলাকা থেকে কিছু দুস্কৃতিকারী তার টাকা পয়সা ছিনিয়ে নিয়ে যায়। এ বিষয়ে তিনি কালুখালী উপজেলা সংলগ্ন মহাসড়কে যাতে এ ধরণের ঘটনা না ঘটে সেজন্য পুলিশ টহলের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি অকর্ষন করেন। অফিসার- ইন-চাজ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করেন। | ঈাংশা , উপজেলা সংলগ্ন মহাসড়কে পুলিশ টহল ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার- ইন-চার্জ,পাংশা থানা, পাংশা কে অনুরোধ করা হয়। | অফিসার-ইন-চার্জ, পাংশা থান ও হাইওয়ে থানা, পাংশা |
| ০৬ | চেয়ারম্যান রতনদিয়া ইউনিয়ন পরিষদ পাংশা, রাজবাড়ী। | চেয়ারম্যান,মৌরাট ইউনিয়ন পরিষদ, পাংশা সভাকে জানান যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে বর্তমানে নদীতে পানি বৃদ্ধি পাচ্ছে। এখন গরু চুরি হতে পারে বিধায় হাবাসপুর ইউনিয়নের নদী সংলগ্ন এলাকায় পুলিশি টহল জোরদার করার জন্য তিনি অফিসার- ইন- চর্াজ, পাংশা থানা, পাংশাকে অনুরোধ করেন। | মৌরাট ইউনিয়নের নদী সংলগ্ন এলাকায় পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার- ইন- চার্জ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করা হয়। | অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশা |
| ০৭ | জনাব মোছা:রোকেয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, , রাজবাড়ী। | উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব মোছা:রোকেয়া বেগম জানান যে, পাংশা উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক অবস্থায় রয়েছে। ডেঙ্গু সংক্রান্ত বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য তিনি অনুরোধ জানান। ডেঙ্গু রোগীর সংখ্যা যাতে বৃদ্ধি না পায় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান । | ডেঙ্গু রোগের বিস্তার রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশাকে অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশা |
| ০৮ | জনাব জালাল উদ্দিন বিশ্বাস, ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী। | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জানান যে, পাংশা উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক অবস্থায় রয়েছে। একটা সময় ছিল যখন ঢাকা থেকে আসতে রাত হলে রাজবাড়ীতে অবস্থান নিতে হতো। এ অবস্থা যাতে আর সৃষ্টি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান । | আইন-শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক অবস্থা বজায় রাখার জন্য অফিসার- ইন-চার্জ, পাংশা থানা, পাংশা অনুরোধ করা হয় । | অফিসার- ইন-চার্জ, পাংশা থানা, |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী। | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির উপদে জানান যে, বাহাদুরপুর ইউনিয়নের একসময় ডাকাতি হতো এখন সেটা হয় না। আইন শৃংখলা পরিস্থিতির অনেকটা উন্নতি হয়েছে। এখন সন্ত্রাসের গডফাদার নেই। এ অবস্থা বজায় রাখতে হবে । | আইন-শৃঙ্খলা পরিস্থিতির স্বাভাবিক অবস্থা বজায় রাখার জন্য অফিসার- ইন-চাৰ্জ পাংশা থানা, পাংশা কে অনুরোধ করা হয় । | অফিসার- ইন-চাৰ্জ, পাংশা থানা, পাংশা । |
| ১০ | মাননীয় জাতীয় সংসদ সদস্য রাজবাড়ী-২, | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ জিল্লুল হাকিম, মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ তিনি বলেন যে, গত মিটিং এর সিদ্ধান্ত কতটুকু বাস্তবায়ন হয়েছে তা পর্যবেক্ষন করতে হবে। তিনি আরও বলেন মৌরাট ইউনিয়নের আওয়ামীলীগ সভাপতির বাড়ীর সামনে যারা ককটেল ফাটিয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে । ভ্যানওয়ালাদের নিকট হতে টাকা ছিনতাই করে নিয়ে যায় কিছু মাদকখোর ছেলেরা যারা ছুড়ি, চাকু নিয়ে চলাফেরা করে এ চক্রটাকে ধরতে হবে। মাদক ব্যবসা এবং ডাকাতি বন্ধ করার জন্য যা কিছু করা দরকার করতে হবে । সুদের ব্যবসা এবং জমি জালিয়াতি মাদকের মতই মহামারী আকার ধারণ করেছে। হাবাসপুর ইউনিয়নের কিছু লোক এই জালিয়াতি চক্রের সাথে জড়িত। এদরে বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য জন্য তিনি অফিসার- ইন- চাৰ্জ পাংশা থানা, পাংশাকে অনুরোধ করেন। বালুর ট্রাক এল জি ইডির রাস্তাগুলো শেষ করে দিচ্ছে । এলজিইডি এর রাস্তা রক্ষার জন্য প্রত্যেক রাস্তার শুরুতে এবং শেষ প্রান্তে প্রতিরোধক ব্যবস্থা গহণ এবং যেখানে পুকুরের কারণে রাস্তা ভেঙে যাচ্ছে সেখানে পুকুর মালিকদের সাথে আলোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করেন। স্কুল থেকে যে সমস্ত ছেলেমেয়রা পালিয়ে যায় তাদের আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করার জন্য তিনি অফিসার- ইন- চার্জ, পাংশা থানা, পাংশা কে অনুরোধ করেন। | রাস্তা সংরক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, পাংশাকে ও উপজেলা প্রকৌশলী,পাংশাকে ক এবং চুরি, ডাকাতি, ছিনতাই, জলিয়াতি, ও মাদক ব্যবাসার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অফিসার- ইন- চাৰ্জ পাংশা থানা,পাংশা কে অনুরোধ করা হয় । | ১। নির্বাহী অফিসার, কালুখালী<br>২। উপজেলা প্রকৌশলী পাংশা<br>৩। অফিসার ইন-চাৰ্জ, কালুখালী থানা, পাংশা |

অফিসার ইন চার্জ, পাংশা থানা, পাংশা জানান যে, সকলের সহযোগিতায় কোন রকম অপ্রীতিকর ঘটনা ঘটেনি। যেহেতু আমি সরকারি কর্মচারী সেহেতু আমি জবাবদিহি করতে চাই এবং সতভাগ সেবা দিতে চাই। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার জন্য সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করার প্রত্যয় ব্যক্ত করেন। মৌরাট ইউনিয়নের আওয়ামীলীগ সভাপতির বাড়ীর সামনে বোমা বিস্ফোরণের ঘচনার তদন্ত

চলছে । ভ্যানওয়ালাদের নিকট হতে চাঁদা আদায়কারীদের অনেককে গ্রেফতার করা হয়েছে । চুড়ি যাওয়া ৩টি মটর সাইকেল উদ্ধার করা হয়েছে। তিনি সকলের সহযোগিতা নিয়ে সমস্যা সমাধান করতে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

সভাপতি মহোদয় বাল্য বিবাহ নিয়ন্ত্রণের লক্ষে বয়স বাড়িয়ে জন্মনিবন্ধন সনদপত্র না দেয়ার জন্য পৌরসভার মেয়র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানান । এছাড়া নারী ও শিশু নির্যাতন, জঙ্গীবাদী কার্যক্রম, মাদক বিক্রয় ও সেবনকারীদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ তৈরীর লক্ষ্যে পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহে আইন-শৃঙ্খলা কমিটির সভা প্রত্যেক মাসে নিয়মিতভাবে আয়োজন এবং উক্ত সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, রাজবাড়ী ও অত্র দপ্তরে প্রেরণের জন্য মেয়র, পাংশা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ জাফর সাদিক চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা,রাজবাড়ী।
মোবাঃ নং-
০১৭৩৩৩৩৩৬৪০৫
Email:unopangsa@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৮২৭২.০০২.১০.১০০.১৮- ৮৪০ (৫০)৭৭ তারিখঃ-২৬/০১/২০২৩
খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী ।
৫। মেয়র, কালুখালী পৌরসভা, পাংশা, রাজবাড়ী
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

অবগতি ও কার্যার্থেঃ

৭। চেয়ারম্যান,..............................................ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
৮। উপজেলা ......................................................... অফিসার, পাংশা,রাজবাড়ী।
৯। জনাব .................................................................................।

উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী।